# আত তাদরীস অনলাইন মাদরাসা

## দাখিল নবম শ্রেণি (সিলেবাস)

## ১. বিষয়: কুরআন মাজীদ ও তাজভীদ, পূর্ণমান– ১০০

### বিষয় কোড: ১০১

### অর্ধবার্ষিক (প্রথম সেমিস্টার) পরীক্ষা

কুরআন মাজীদ : বইয়ের শুরু থেকে সূরা বাকারার বিশতম পাঠ পর্যন্ত।
নির্বাচিত বিষয়সমূহ : ১ম পাঠ থেকে ৪র্থ পাঠ পর্যন্ত।
তাজভীদ : ১ম পাঠ থেকে ৫ম পাঠ পর্যন্ত।
নৈর্ব্যক্তিক : কুরআন, নির্বাচিত বিষয় এবং তাজভীদের উলিখিত পাঠসমূহ।

### বার্ষিক (দ্বিতীয় সেমিস্টার) পরীক্ষা

কুরআন মাজীদ : সূরা বাকারার একুশতম পাঠ থেকে চলিশতম পাঠ পর্যন্ত।
নির্বাচিত বিষয়সমূহ : ৫ম পাঠ থেকে ৭ম পাঠ পর্যন্ত।
তাজভীদ : ৬ষ্ঠ পাঠ থেকে ১২শ পাঠ পর্যন্ত।
নৈর্ব্যক্তিক : কুরআন, নির্বাচিত বিষয় এবং তাজভীদের উলিখিত পাঠসমূহ।

### প্রশ্নের ধারা ও মানবণ্টন

### ক-বিভাগ, সঠিক উত্তর লিখন, মান- ৪০

বহুনির্বাচনি প্রশ্ন : সঠিক উত্তরটি খাতায় লিখতে হবে।
[সুরা বাকারা থেকে ১৮টি, সুরা আলে ইমরান থেকে ১০টি, নির্বাচিত বিষয় থেকে ৬টি এবং তাজভীদ থেকে ৬টিসহ মোট ৪০টি প্রশ্ন থাকবে; ৪০টির উত্তর লিখতে হবে] ১ × ৪০ = ৪০

**উদাহরণ:** ১) কুরআন মাজিদে কয়টি মানজিল রয়েছে?
ক) ৩টি খ) ৪টি গ) ৫টি ঘ) ৭টি
উত্তরটি খাতায় লিখতে হবে। যেমন: ৭টি

## খ-বিভাগ, মান-৪০

আয়াতের অনুবাদসহ সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে হবে।
সুরা বাকারা থেকে ৪টি এবং সুরা আলে ইমরান থেকে ৩টিসহ মোট ৭টি প্রশ্ন থাকবে।
সুরা আলে ইমরান থেকে কমপক্ষে ১টিসহ যেকোনো ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।

১০ × ৪ = ৪০

[প্রতিটি প্রশ্নে (ক) অনুবাদ, মান-৫, (খ) শানে নুযুল/ব্যাখ্যা/আয়াত সংশ্লিষ্ট ছোট প্রশ্ন/তারকিব-আয়াতের শিক্ষা, মান-৩, (গ) তাহকিক, মান-২]

### উদাহরণ:

ক) বাংলায় অনুবাদ কর। ৫

الٓـمّٓ ۚ- ذٰلِکَ الۡکِتٰبُ لَا رَیۡبَ ۚۛ فِیۡہِ ۚۛ هُدًى لِّلۡمُتَّقِیۡنَ ۙ- الَّذِیۡنَ یُؤۡمِنُوۡنَ بِالۡغَیۡبِ وَیُقِیۡمُوۡنَ الصَّلٰوۃَ وَمِمَّا رَزَقۡنٰهُمۡ یُنۡفِقُوۡنَ ۙ- وَالَّذِیۡنَ یُؤۡمِنُوۡنَ بِمَاۤ اُنۡزِلَ اِلَیۡکَ وَمَاۤ اُنۡزِلَ مِنۡ قَبۡلِکَ ۚ وَبِالۡاٰخِرَۃِ هُمۡ یُوۡقِنُوۡنَ ؕ- اُولٰٓئِکَ عَلٰی هُدًى مِّنۡ رَّبِّهِمۡ * وَاُولٰٓئِکَ هُمُ الۡمُفۡلِحُوۡنَ -

(খ) উত্তর দাও।

(الف) الم-এর মর্মার্থ বর্ণনা কর। ৩

(ب) তাহকিক কর (যেকোনো ২টি): الكتاب، هدى، متقين، يؤمنون ২

## গ-বিভাগ, মান-১০

- বর্ণনামূলক প্রশ্নের উত্তর লিখতে হবে।
- নির্বাচিত বিষয় থেকে ৪টি প্রশ্ন থাকবে; যেকোনো ২টির উত্তর দিতে হবে। ৫ × ২ = ১০

**উদাহরণ:** ১. মানব সৃষ্টির উদ্দেশ্য ব্যাখ্যা কর।
উত্তর: কমপক্ষে ২০ লাইন তথা ২পৃষ্ঠা লিখতে হবে।

## ঘ-বিভাগ, মান-১০

- বর্ণনামূলক প্রশ্নের উত্তর লিখতে হবে।
- তাজভিদ অংশ থেকে ৪টি প্রশ্ন থাকবে; যেকোনো ২টির উত্তর দিতে হবে। ৫ × ২ = ১০

**উদাহরণ:** ১. কুরআন মাজিদ তেলাওয়াতের কয়টি পদ্ধতি রয়েছে এবং কী কী?
উত্তর: কমপক্ষে ২০ লাইন তথা ২পৃষ্ঠা লিখতে হবে।

AT TADREES ONLINE MADRASAH

## ২. বিষয়: হাদীস শরীফ, পূর্ণমান- ১০০
## বিষয় কোড: ১০২

**অর্ধবার্ষিক (প্রথম সেমিস্টার) পরীক্ষা**

- প্রথম অধ্যায় থেকে দশম অধ্যায় পর্যন্ত।

**বার্ষিক (দ্বিতীয় সেমিস্টার) পরীক্ষা**

- প্রথম অধ্যায় এবং একাদশ অধ্যায় থেকে একবিংশ (একুশতম) অধ্যায় পর্যন্ত।

### প্রশ্নের ধারা ও মানবণ্টন

**ক বিভাগ: সঠিক উত্তর লিখন, মান- ৪০**

বহুনির্বাচনি প্রশ্ন: সঠিক উত্তরটি খাতায় লিখতে হবে।

হাদীস পরিচিতি ও উসূলে হাদীস অংশ থেকে ৫টি। এবং হাদীস অংশ থেকে ৩৫টিসহ মোট ৪০টি প্রশ্ন থাকবে; ৪০টিরই উত্তর লিখতে হবে।

প্রতি প্রশ্নের মান- ১ $১ \times ৪০ = ৪০$

**উদারহরণ:**

হাদিস বর্ণনার সূত্রকে কি বলে?

ক. মতন খ. সনদ গ. রাবী ঘ. মুরসাল

উত্তরটি খাতায় লিখতে হবে। যেমন: খ. সনদ

**খ বিভাগ: রচনামূলক প্রশ্ন, মান- ৫০**

হাদীসের অনুবাদসহ সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে হবে।

৯টি প্রশ্ন থাকবে; ৫টির উত্তর লিখতে হবে। প্রতি প্রশ্নের মান- ১০ $১০ \times ৫ = ৫০$

প্রতি প্রশ্নের অধীনে থাকবে:

ক. হাদীসের অনুবাদ- ৫

খ. হাদীস সংশ্লিষ্ট ছোট প্রশ্ন/ব্যাখ্যা/তারকীব ৩

গ. তাহকীক- ২

**উদাহরণ:**

**(ক) হাদীসের অনুবাদ** ৫

عَنْ عَبْدِ اللهِ بنِ عَمْرٍو رضي الله تعالى عنهُ اَنَّ رَجُلاً سَأَلَ رسولَ الله صلى الله عليهِ وسلمَ أيُّ الْإِسْلاَمِ خَيْرٌ قَالَ تُطْعِمُ الطَّعَامَ وَتَقْرَأُ السْلاَمَ عَلى مَنْ عَرَفْتَ وَمَنْ لَمْ تَعْرِفْ. (متفق عليه).

**(খ) সংক্ষেপে উত্তর দাও:**

(الف) أي الإسلام خير দ্বারা কী বুঝানো হয়েছে? ৩

(ب) তাহকীক: (যে কোনো ২টি) سَأَلَ، الإسلام، خير، تُطِعِمُ، الطعام ২

**গ বিভাগ: রচনামূলক প্রশ্ন, মান- ১০**

১. হাদীস পরিচিতি ও উসূলে হাদীস: ২টি প্রশ্ন থাকবে ।
১টির উত্তর লিখতে হবে- ৫ × ১ = ৫

২. রাবীর নাম ও হরকতসহ হাদীস মুখস্থ লিখন (প্রশ্নে উদ্ধৃত হাদীস ব্যতীত যে-কোনো ১টি) ৫ × ১ = ৫

**উদাহরণ:**

১. সনদের দৃষ্টিকোণ থেকে হাদিসের প্রকারভেদ উল্লেখ কর।

২. হাদিস মুখস্থ লিখন:

যেমন:

وَعَنْ أَبِي ذَرٍّرضي الله عنه قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَفْضَلُ الْأَعْمَالِ الْحُبُّ فِي اللَّهِ وَالْبُغْضُ فِي اللَّهِ» . رَوَاهُ أَبُو دَاوُد

## ৩. বিষয়: আরবি প্রথম পত্র, পূর্ণমান- ১০০
## বিষয় কোড: ১০৩

**নির্ধারিত পাঠ্যপুস্তক:** আললুগাতুল আরাবিয়্যাতুল ইত্তিসালিয়্যাহ

**অর্ধবার্ষিক (প্রথম সেমিস্টার) পরীক্ষা**

মূলপাঠ : الوحدة الأولى ও الوحدة الثانية

নসসে মাদরূস : অর্ধবার্ষিক পরীক্ষার সিলেবাসভুক্ত প্রবন্ধসমূহের নসসে মাদরূস।

**বার্ষিক (দ্বিতীয় সেমিস্টার) পরীক্ষা**

মূলপাঠ : الوحدة الثالثة , الوحدة الرابعة ও الوحدة الخامسة

নসসে মাদরূস: : বার্ষিক পরীক্ষার সিলেবাসভুক্ত প্রবন্ধসমূহের নসসে মাদরূস।

### প্রশ্নের ধারা ও মানবণ্টন

**ক. النص المدروس : মান- ৩০**

পাঠ্যবই থেকে ১টি নস থাকবে, উক্ত নসের অধীনে ৩ প্রকার প্রশ্ন থাকবে-

১. নস থেকে প্রশ্ন : ৪টি- ২ × ৪ = ৮

২. নসসংশ্লিষ্ট প্রশ্ন : ৪টি; তন্মধ্যে যে ধরনের প্রশ্ন থাকবে- ৪ × ৪ = ১৬

أ- ترتيب الكلمات. ب. صحيح وخطأ، ج - تحويل العدد مع تكوين الجملة، د- الالفاظ المو ادفة والمتضادة، ه- استخراج الأفعال مع التحويل، استخراج الاسماء مع بيان نوعها، استخراج الحروف مع بيان نوعها، و صوغ الحوار باستخدام الكلمات ز- الوصل بين المجموعتين.

৩. তাহকীক : ৫টি হতে ৩টি- ২ × ৩ = ৬

**খ. النظم: মান- ২০**

৪. রচনামূলক প্রশ্ন : ৩টি হতে ১টি- ১০ × ১ = ১০

৫. সংক্ষিপ্ত প্রশ্ন : ৩টি হতে ১টি- ৫ × ১ = ৫

৬. ব্যাখ্যা : ৩টি হতে ১টি- ৫ × ১ = ৫

**গ. اختبار المفردات : মান- ২০**

৭. ইঙ্গিতসহ শূন্যস্থান পূরণ : ৫টি- ৫ × ২ = ১০

৮. ইঙ্গিতবিহীন শূন্যস্থান পূরণ : ৫টি- ৫ × ২ = ১০

**ঘ. اختبار الكتابة : মান- ৩০**

৯. সংলাপ তৈরি : ২টি হতে ১টি- ১০ × ১ = ১০

১০. প্রশ্নের আলোকে উত্তরভিত্তিক অনুচ্ছেদ লিখন: ২টি হতে ১টি- ১০ × ১ = ১০

১১. বাংলায় অনুবাদ : ৩টি হতে ২টি- ৫ × ২ = ১০

**উত্তরসহ প্রশ্নের নমুনা:**

## (الف) النص المدروس- ٣٠

**١- اِقْرَأِ النَّصَّ التَّالِيْ ثُمَّ أجِبْ عَنِ الْأَسْئِلَةِ الْمُلْحقَة:**

أَمَرَ اللهُﷻ نَبِيَّهُ ﷺ أَنْ يَعْبُدَهُ فِيْ حَالِ كَوْنِهِ مُخْلِصًا لَهُ فِيْ عِبَادَتِهِ، مِنْ جَمِيْعِ أَنْوَاعِ الشِّرْكِ صَغِيْرِهَا وَكَبِيْرِهَا. فَالْإِخْلَاصُ هُوَ أَنْ يَّجْعَلَ الْمُسْلِمُ كُلَّ أَعْمَالِهِ لِلهِ سُبْحَانَهُ وَتَعَالَى إِبْتِغَاءَ مَرْضَاتِهِ، وَلَيْسَ طَلَبًا لِلرِّيَاءِ وَالسُّمْعَةِ؛ فَهْوَ لَا يَعْمَلُ لِيُرَاهُ النَّاسُ، وَيَتَحَدَّثُوا عَنْ أَعْمَالِهِ، وَيَمْدَحُوْهُ وَيُثْنُوْا عَلَيْهِ. فَعَلَى الْمُسْلِمِ أَنْ يُّخْلِصَ النِّيَّةَ فِي كُلِّ عَمَلٍ يَقُوْمُ بِهِ حَتّى يَتَقَبَّلَهُ اللهُ مِنْهُ؛ لِأَنَّ الْأَعْمَالَ لاَ تُقبَلُ إِلَّا بِشَرْطَيْنِ: اَلْإِخْلَاصُ وَالْمُتَابَعَةُ لِلرَّسُوْلِ ﷺ. قَالَ اللهُ ﷻ : وَمَا أُمِرُوْا إِلَّا لِيَعْبُدُوا اللهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْن حُنَفَاء وَيُقِيْمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ وَذَلِكَ دِيْنُ الْقَيِّمَةِ.

كَمَا جَاءَ فِيْ الْحَدِيْثِ: عَنْ أَبِيْ أُمَامَةَ الْبَاهْلِيِّلي رضي الله عنه قَالَ جَاءَ رَجُلٌ إِلى النَّبِيِّ ﷺ فَقَالَ أَرَأَيْتَ رَجُلًا غَزَا يَلْتَمِسُ الْأَجْرَ وَالذِّكْرَ مَالَهُ فَقَالَ رَسُوْلُ اللهِ ﷺ لَا شَيْءَ لَهُ فَأَعَادَهَا ثَلَاثَ مَرَّاتٍ يَقُوْلُ لَهُ رَسُوْلُ اللهِ ﷺ لَا شَيْءَ لَهُ ثُمَّ قَالَ إِنَّ اللهَ لَا يَقْبَلَ مِنْ الْعَمَلِ إِلَّا مَا كَانَ لَهُ خَالِصًا وَابْتُغِيَ بِهِ وَجْهُهُ. رَوَاهُ النَّسَائِيُّ.

**١- أَجِبْ عَنْ الْأَسْئِلَةِ الْآتِيَةِ شَفَهِيًّا وَكِتَابةِ:** ٢ × ٤ = ٨

**(أ) ما هو الإخلاص؟**

الجواب: الإخلاص هو أن يجعل المسلم كل أعماله لله سبحانه وتعالى ابتغاء مرضابه بدون الرياء والسمعة.

**(ب) ما شرطان لقبول العبادة؟ بين بالدليل.**

الجواب: لقبول العبادة شرطان: هما:

١ -الإخلاص

٢ .المتابعة للرسولﷺ .

قال الله تعالى: "وما أمروا إلا ليعبدوا الله مخلصين له الدين حنفاء ويقيموا الصلاة ويؤتوا الزكاة وذلك دين القيمة ".

قال رسول اللهﷺ: "إن الله لا يقبل من العمل إلا ما كان له خالصا وابتغيَ به وجهُه ".

**(ج) ماذا يجب على المسلم؟**

الجواب: يجب على المسلم أن يخلص النية في كل عمل يقوم به حتى يتقبله الله منه.

**(د) عم سأل الرجلُ رسول اللهﷺ وما أجاب؟**

الجواب: سأل الرجلُ رسول اللهﷺ عن رجل غزا ملتمسا الأجر والسمعة فما له؟ فأجاب الرسولُ: لا شيء له.

## ٢- الأسئلة المتعلقة بالنص وأجوبتها ٤ × ٤ = ١٦

**أ- .أُكْتُبْ (صَحِيْحًا) إِذَا كَانَتِ الْعِبَارَةُ صَحِيْحَةً أَوْ (خَطَأً) إِذَا كَانَتِ الْعِبَارَةُ خَاطِئَةً مَعَ تَصْحِيْحِ الْخَطَأ:**

١- عَلَى الْمُسْلِمِ أَنْ يُخْلِصَ النِّيَّةَ فِي أَعْمَالِ الْحَيَاةِ كُلِّهَا.

٢- الإخلاص هو اتمام العمل ابتغاء مرضاة الرسولﷺ.

٣- إِنَّ اللهَ لَا يَقْبَلُ الْأَعْمَالَ إِلَّا بِالْإِخْلَاصِ فَقَط.

٤- سأل القادم عن رجل يطلب المال بالجهاد.

٥- يقبل الله من العمل ما كان بالاخلاص.

**الجواب :**

١- صحيح .

٢ .خطأ؛ والصحيح: الإخلاص هو اتمام العمل ابتغاء مرضاة الله.

٣ .خطأ؛ والصحيح: إن الله لا يقبل الأعمال إلا بالإخلاص والمتابعة للرسول ﷺ.

٤ .خطأ؛ والصحيح: سأل القادم عن رجل يطلب الأجر والسمعة بالجهاد.

٥. صحيح.

**ب-املأ الفراغ في الجمل التالية بكلمة مناسبةِ.**

١- أمر الله تعالى نبيه ﷺ أن يعبده.........

٢ -ابتغاء مرضاة الله........... لقبول العمل.

٣ -لاتقبل الاعمال الا بشرطين: الاخلاص و.......

٤ -رجل يلتمس........... والذكر.

٥ -إن الله لايقبل من .........الا ما كان له خالصا.

الجواب: ١- مخلصا له، ٢- شرط، ٣- والمتابعة للرسول، ٤- الأجر، ٥- العمل.

**ج- حول العدد:**

نبي، صغير، أعمال، مخلصين، الحديث.

الجواب: تحويل العدد:

| الكلمة | المفرد | الجمع |
|---|---|---|
| نبي | | أنبياء |
| صغير | | صغار |
| أعمال | عمل | |
| مخلصين | مخلص | |
| الحديث | | الأحاديث |

**د- اذكر جمعا من المفرد.**

المسلم، الرسول، الدين، الصلاة، رجل، وجه.

الجواب: ذكر الجمع من المفرد:

| المفرد | الجمع | المفرد | الجمع |
|---|---|---|---|
| الصلاة | الصلوات | المسلم | المسلمون |
| رجل | رجال | الرسول | الرسل |
| وجه | وجوه | الدين | الأديان |

**ه- كون الجمل بالكلمات الآتية:**

أمر، كبير، المسلم، يتقبل، وجه.

الجواب: تكوين الجمل:

| الكلمة | الجملة |
|---|---|
| أمر | أمرنا الله أن نعبده |
| كبير | دار راشد كبيرٌ جدا |
| المسلم | المسلم يعبد الله وحده |
| يتقبل | يتقبل الله دعاء المظلوم |
| وجهٌ | يبيض وجه المؤمن يوم القيامة |

**و- اكتب الألفاظ المرادفة للكلمات الآتية:**

ابتغاء، الرياء، السمعة، المتابعة، الأجر.

الجواب: الألفاظ المرادفة:

| الكلمات المذكورة | الكلمات المرادفة |
|---|---|
| ابتغاء | طلبٌ |
| الرياء | التظاهر |
| السمعة | الشهرة |
| المتابعة | المطاوعة |
| الأجر | الثواب |

**ز- استخرج من النص أربعا من صيغ الماضي ثم حولها إلى المضارع.**

الجواب: استخراج صيغ الماضي وتحويلها إلى المضارع:

| الماضي | المضارع | الماضي | المضارع |
|---|---|---|---|
| ما أمروا | لا يؤمنون | أمر | يأمر |
| جاء | يجيء | قال | يقول |

**ح- استخرج من النص اربعا من صيغ المضارع ثم حولها إلى الماضي.**

الجواب: استخراج صيغ المضارع وتحويلها إلى الماضي:

| المضارع | الماضي | المضارع | الماضي |
|---|---|---|---|
| لا يؤمنون | ما أمروا | يأمر | أمر |
| يجيء | جاء | يقول | قال |

**ط – استخرج من النص أربعا من الاسماء.**

الجواب: استخراج الأسماء:

الله، رجل، الأجر، ثلاث.

### ٣- حقّق الكلمات الاتية: ٢ ×٣ = ٦

قد دخل ، لم يكن ، سأل ، أجاب ، اِرْجِعْ .

**الجواب**: تحقيق الكلمات :

**قد دخلَ :** الصيغة: المفرد المذكر للغائب، البحث: الماضي القريب المثبت المعروف، الباب: نَصَرَ ينصُرُ، المصدر: الدخول، المادة: د- خ- ل، الجنس: الصحيح، المعنى: قد وَلَجَ.

**لم يكن :** الصيغة: المفرد المذكر للغائب، البحث: المضارع المنفي المجحود بلم المعروف، الباب: نَصَرَ ينصُرُ، المصدر: الكون، المادة: ك- و- ن، الجنس: الأجوف الواوي، المعنى: لم يحدث .

**سأل :** الصيغة: المفرد المذكر للغائب، البحث: الماضي المثبت المعروف، الباب: فَتَحَ يفتَحُ، المصدر: السؤال، المادة: س- ء - ل، الجنس: مهموز العين، المعنى: طلب.

## (ب) – النظم- ٢٠

### ٤- الأسئلة المفصلة ١٠ ×١ = ١٠

**أُذْكُرْ خُلَاصَةَ الْقَصِيْدَةِ "الإِسْلَامُ دِيننُا".**

**الْجَوَابُ:**

**الافْتِتَاحُ**: إِنَّ الدِّين عِنْدَ اللهِ الْإِسْلَامُ. لَا يَقْبَلُ اللهُ غَيْرَهُ مِن الْأَدْيَانِ الْمُرَوَّجَة. يَفْتَخِرُ الْمُسْلِمُونَ بِالْإِسْلَامِ، لِأَنَّهُمْ مَلَكُوا بِهِ الْعِزَّ فِي الدُّنْيَا. وَالْقَصِيدَةُ الْمُسَمَّاةُ بِـ"الْإِسْلَامُ دِينُنَا" قَصِيدَةٌ رَائِعَةٌ، خُلَاصَتُهَا فِي التَّالِيَةِ.

**الْخُلاصَةُ**: إِنَّ اللهَ تَبَارَكَ وَتَعَالَى عَيَّنَ الْإِسْلَامَ لِلْمُسْلِمِينَ دِينًا. وَجَعَلَ الكَوْنَ وطَنًا لَهُمْ. وَتَوْحِيدُ اللهِ نُورٌ لَهُمْ. وَلَهُمُ الْعِزَّةُ الَّتِي لَا تَزُولُ وَلَا تَمَّحِيْ مَعَ أَنَّ الْكَوْنَ يَزُولُ وَيَفْنِي. وَقَدْ بَنَى لَهُمْ مَسَاجِدَ لِعِبَادَتِهِمْ، وَجَعَلَتِ الكَعْبَةُ الْمُشَرَّفَةُ قِبْلَةً لَهُمْ، يَحْفَظُهَا الْمُسْلِمُونَ بِالْحَيَاةِ .وَهُمْ اسْتَبَقُوا النُّجُوْمَ بِشُجَاعَتِهِمْ وَقُوَّتِهِمُ الْإِيْمَانِيَّةِ. وَأَذَانُ الإِسْلَامِ يُعْلِنُ شُجَاعَةَ الْمُسْلِمِينَ فِي الْغَرْبِ.

**الإخْتِتَامُ**: الْأُمَّةُ الْمُسْلِمَةُ كَالْأَسَدِ فِي الْهِمَّةِ وَالْقُوَّةِ الْإِيْمَانِيَةِ. لَهُمْ مَجْدٌ لا يَزُولُ أَبَدًا، بَلْ يَكُونُ مَحْفُوظًا فِي صَفْحَاتِ التَّارِيخِ.

## ٥- الأسئلة الموجزة ٥ × ١ = ٥

**مَنِ الَّذِيْ بَنَى الْكَعْبَةَ؟ وَلِمَ سُمِّيَتْ بِهَا؟**

**الجواب**: إِنَّ الْكَعْبَةَ الْمُشَرَّفَةَ بَنَاهَا أَوَّلًا الْمَلَائِكَةُ الْكِرَامُ بِأَمْرِ اللهِ عَزَّ وَجَلَّ عَلَى حِذَاءِ الْبَيْتِ الْمَعْمُورِ ثُمَّ رَمَّمَهَا الْأَنْبِيَاءُ الكِرَامُ بِإِذْنِ اللهِ عَصْرًا فَعَصْرًا. وَفِي الْأَخِيرِ بَنَاهَا إِبْرَاهِيمُ وَإِسْمَاعِيلُ عَلَيْهِمَا السَّلَامُ.

وَسُمِّيَتِ الْكَعْبَةُ الْمُشَرَّفَةُ كَعْبَةً لِأَنَّهَا مُرَبَّعَةٌ وَمُكَعَّبَةٌ.

## ٦- الشرح ٥ × ١ = ٥

**أَضْحَى الإسلامُ لَنَا دِيْنًا * وَجَمِيْعُ الْكَوْنِ لَنَا وَطَنًا.**

**اَلْجَوَابُ: اَلْمَأْخَذُ:** إِنَّ الْبَيْتَ الْمَذْكُوْرَ مَأْخُوْذٌ مِنَ الْقَصِيْدَةِ الْمُسَمَّاةِ بـ "الإِسْلَامُ دِيْنُنَا" مِنَ الْكِتَابِ الدِّرَاسِيِّ "اَللُّغَةُ الْعَرَبِيَّةُ الْاِتِّصَالِيَّةُ" لِلدَّاخِل.

**الْمُنَاسَبَةُ:** بَيَّنَ الشَّاعِرُ الْعَلَّامُ فِي هٰذَا الْبَيتِ إِنَّ الْإِسْلَامَ تَعَيَّنَ دِيْنًا لِجَمِيْعِ النَّاسِ وَصَارَ الْكَوْنُ كُلُّهُ وَطَنًا لِلْمُسْلِمِيْنَ.

**اَلشَّرْحُ:** اِخْتَارَ اللهُ تَبَارَكَ وَتَعَالَى الْإِسْلَامَ دِيْنًا لِجَمِيعِ النَّاسِ سَوَاءٌ كَانَ عَرَبِيًّا أَمْ عَجَمِيًّا، أَسْوَدَ أَمْ أَبْيَضَ. كَمَا قَالَ الله تَعَالٰى : ﴿إِنَّ الدِّينَ عِندَ اللهِ الإِسْلَامُ﴾. وَقَالَ أيضا: ﴿وَرَضِيْتُ لَكُمُ الْإِسْلَامَ دِيْنًا﴾. فَالْإِسْلَامُ هُوَ الدِّيْنُ الْوَحِيدُ الْمَقْبُولُ عِنْدَ اللهِ، وَالْمُسْلِمُونَ هُمْ أَحَقُّ أَن يَرِثُوا الأَرْضَ، وَعِنْدَمَا يَرِثُهَا الْمُسْلِمُونَ يَكُونُ جَمِيعُ الكَوْنِ وَطَنًا لِلْمُسْلِمِيْنَ.

اَلْخِتَامُ: عَلَيْنَا أَنْ نُحِبَّ الْإِسْلَامَ وَنُبَلِّغَهُ إِلَى نَوَاحِي الْعَالَمِ حَتّٰى يَصِيْرَ الْإِسْلَامُ دِيْنًا لِجَمِيعِ النَّاسِ.

AT TADREES
ONLINE MADRASAH

## ج – اختبار المفردات- ٢٠

### ٧- إِمْلَاءُ فَرَاغِ الْجُمَلِ مَعَ الْقَرَائِنِ. ٢ × ٥ = ١٠

| هِجْرَتُه | مُخْلِصًا | الإخلاص | الدِّيْنَارَيْنِ | تَحْصِيل دُرُوسه |
|---|---|---|---|---|

(أ) أَمَرَ اللهُ تعالى نَبِيَّهُ ﷺ أَنْ يَعْبُدَه ......... له.

(ب) لا تُقبَلُ الأعمالُ إلا بِشَرْطَيْنِ:............ والمتابَعَةِ للرسول ﷺ.

(ج) على الطالبِ أَنْ يَجْتَهِدَ في مُذَاكَرَتِه و ........

(د) غَضِبَ العَابِدُ في المرَّةِ الثانِيَةِ لأنّه لِمْ يَجِدْ ........... في اليومِ الثالثِ.

(هـ) مَنْ كَانَتْ ............. إلى اللهِ ورسولِه فَهِجْرَتُه إِلى اللهِ وَرَسُوْلِه.

**الجواب**: (أ) مُخْلِصًا، (ب) الإِخْلَاصِ، (ج) تَحْصِيْلِ دُرُوْسِه، (د) الدِّيْنَارَيْنِ، (هـ) هِجْرَته.

### ٨- إِمْلاءُ فَرَاغِ الجُمَلِ بِدُونِ القَرَائِنِ. ٢ × ٥ = ١٠

(أ) أَمَرَ اللهُ تعالى نَبِيَّهُ ﷺ أَنْ يَعْبُدَه ..........

(ب) لا تُقبَلُ الأعمالُ إلا بِشَرْطَيْنِ: الإِخْلَاصِ ...........

(ج) على الطالبِ أَنْ يَجْتَهِدَ في مُذَاكَرَتِه و ........

(د) غَضِبَ العَابِدُ في المرَّةِ الثانِيَةِ لـ.................

(هـ) مَنْ كَانَتْ هِجْرَتُه إلى ............... فَهِجْرَتُه إِلى اللهِ وَرَسُوْلِه.

**الجواب**: (أ) مُخْلِصًا له، (ب) والمتابَعَةِ للرسول ﷺ. ، (ج) تَحْصِيْلِ دُرُوْسِه، (د) ضِيَاعِ الدِّيْنَارَيْنِ، (هـ) اللهِ ورسولِه.

AT TADREES ONLINE MADRASAH

## د – اختبار الكتابة- ٣٠

**٩) الحِوَارُ عَنِ القرآنِ كِتَابِ اللهِ بَيْنَ الأَبِ والابنِ.** ١٠

الْأَبُ: مَاذَا تَقْرَأُ يَا نُعْمَانُ؟

نُعْمَانُ: أَقْرَأُ الْقُرْآنَ الْكَرِيمَ.

الأبُ: كَمْ سَاعَةً تَقْرَأُ الْقُرْآنَ كُلَّ يَوْمٍ؟

نُعْمَانُ: أَقْرَأُ سَاعَةً وَالنِّصْفَ تَقْرِيبًا.

الأبُ: أَأَنْتَ تَقْرَأُ الْقُرْآنَ بِالتَّرْجَمَةِ أَمْ تَتْلُو الْقُرْآنَ فَقَطْ؟

نُعْمَانُ: أَقْرَأُ الْقُرْآنَ بِالتَّرْجَمَةِ.

الأب : أَحْسَنْتَ مِنْ أَيِّ كِتَابٍ أَنْتَ تَقْرَأُ التَّرْجَمَةَ؟

نعْمَانُ : أَقْرَأُ مِنْ كِتَابِ الْمَدْرَسَةِ. وَقَدْ يُفَسِّرُ الْأُسْتَاذُ فِي الْفَصْلِ، يَا أَبِي.

الْأَبُ : أَحْسَنْتَ كَمْ سُوْرَةً فِي الْقُرْآنِ الْكَرِيمِ؟

نُعْمَانُ : فِي الْقُرْآنِ الْكَرِيمِ مِائَةَ وَأَرْبَعَ عَشَرَةَ سُوْرَةً.

الأب : مَا هِيَ السُّوَرُ الْمَكِّيَّةُ وَالْمَدَنِيَّةُ؟

نُعْمَانُ : السُّوَرُ الْمَكِّيَّةُ هِيَ الَّتِي نَزَلَتْ قَبْلَ الْهِجْرَةِ وَلَوْ فِي غَيْرِ مَكَّةَ وَالسُّوَرُ الْمَدَنِيَّةُ فِي الَّتِي نَزَلَتْ بَعْدَ الْهِجْرَةِ وَلَوْ فِي غَيْرِ الْمَدِينَةِ.

الأب : مَنِ الَّذِي رَتَّبَ سُوَرَ الْقُرْآنِ كَمَا هِيَ الْآنَ فِي الْمُصْحَفِ؟

نُعْمَانُ : هُوَ رَسُولُ اللهِ ﷺ.

الْأَبُ : مَنِ الَّذِي أَمَرَ بِجَمْعِ الْقُرْآنِ الْكَرِيمِ بَعْدَ وَفَاةِ النَّبِيِّ ﷺ؟

نُعْمَانُ : سَيِّدُنَا أَبُو بَكْرٍ الصِّدِّيْقُ رَضِيَ اللهُ عَنه.

الْأَبُ : مَا شَاءَ اللهُ، أَنْتَ تَعْلَمُ عَنِ الْقُرْآنِ الْكَرِيمِ جَيِّدًا، أَنْتَ طَالِبٌ مُمْتَازٌ . أَدْعُوْ لَكَ خَيْرًا.

نُعْمَانُ : اَلْحَمْدُ للهِ، شُكْرًا جَزِيْلًا، يَا أَبَوِيَّ.

AT TADREES ONLINE MADRASAH

**١٠) أُكْتُبْ بِالْعَرَبِيَّةِ فِقْرَةً عَنْ "عِبَادَةِ اللهِ بِالإِخْلاصِ" على أَسَاسِ الأَجْوِبَةِ مِنَ الأَسْئِلَةِ التَّالِيّةِ:** ١٠

أ- مَا مَعْنَى الْإِخْلَاصِ؟

ب- اَلْإِخْلَاصُ فِي الْعِبَادَةِ مَا هُوَ؟

ج- مَا هُمَا الشَّرْطَانِ لِقُبُولِ الْعِبَادَةِ؟ بَيِّنْ بِالدَّلِيلِ.

**الجواب: الْفِقْرَةُ عَلٰى أَسَاسِ الْأَجْوِبَةِ مِنَ الْأَسْئِلَةِ الْمَذْكُوْرَةِ:**

اَلْإِخْلَاصُ هُوَ أَن يَجْعَلَ الْمُسْلِمُ كُلَّ أَعْمَالِهِ لِلّٰهِ وَحدَهُ ابْتِغَاءَ مَرْضَاتِهِ بِدُوْنِ الرِّيَاءِ وَالسُّمْعَةِ. وَالْإِخْلَاصُ فِي الْعِبَادَةِ هُوَ أَنْ تَكُونَ الْعِبَادَةُ خَالِصَةً لِلّٰهِ تَعَالٰى. أَمَرَ اللهُ تَعَالٰى نَبِيَّهُ ﷺ أَن يَعْبُدَهُ فِي حَالِ كَوْنِهِ مُخْلِصًا لَهُ فِي عِبَادَتِهِ مِنْ جَمِيعِ أَنْوَاعِ الشِّرْكِ صَغِيرِهِ وَكَبِيْرِهِ. قَالَ اللهُ تَعَالَى فِي الْقُرْأنِ عَنْ أَهَمِّيَّةِ الْعِبَادَةِ بِالْإِخْلَاصِ: ﴿إِنَّا أَنزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ فَاعْبُدِ اللهَ مُخْلِصًا لَهُ الدِّينَ﴾. وَلَا تُقْبَلُ الْعِبَادَاتُ إِلَّا بِشَرْطَيْنِ، الْإِخْلَاصِ وَالْمُتَابَعَةِ لِلرَّسُولِ ﷺ. قَالَ النَّبِيُّ ﷺ: "إِنَّ اللهَ لا يَقْبَلُ مِنَ الْعَمَلِ إِلَّا مَا كَانَ لَهُ خَالِصًا وَابْتُغِيَ بِهِ وَجْهُهُ". فَعَلٰى كُلِّ مُسْلِمٍ أَنْ يَعْبُدَ اللهَ بِالْإِخْلَاصِ وَأَنْ يُتَابِعَ الرَّسُولَ ﷺ فِي جَمِيعِ أَعْمَالِهِ.

**١١- ترجم العبارات التالية (اثنين فقط)** ٢ × ٥ = ١٠

أ - أَمَرَ اللهُ ﷻ نَبِيَّهُ ﷺ أَنْ يَّعْبُدَهُ فِيْ حَالِ كَوْنِهِ مُخْلِصًا لَهُ فِيْ عِبَادَتِهِ، مِنْ جَمِيْعِ أَنْوَاعِ الشِّرْكِ صَغِيْرِهَا وَكَبِيْرِهَا. فَالْإِخْلاصُ هُوَ أَنْ يَّجْعَلَ الْمُسْلِمُ كُلَّ أَعْمَالِهِ لِلّٰهِ سُبْحَانَهُ وَتَعَالَى إِبْتِغَاءَ مَرْضَاتِهِ، وَلَيْسَ طَلَبًا لِلرِّيَاءِ وَالسُّمْعَةِ؛ فَهُوَ لَا يَعْمَلُ لِيُرَاهُ النَّاسُ، وَيَتَحَدَّثُوا عَنْ أَعْمَالِهِ، وَيَمْدَحُوْهُ وَيُثْنُوْا عَلَيْهِ-

**অনুবাদ:**

আল্লাহ তাআ'লা তার নবী (সা.) কে আদেশ করেন যে, তিনি যেন আল্লাহর ইবাদতের ক্ষেত্রে ছোট-বড় সকল প্রকার শিরক থেকে মুক্ত হয়ে তাঁর ইবাদত করেন। ইখলাস হলো একজন মুসলমান তার সকল আমল আল্লাহ তাআলার সন্তুষ্টি কামনায় তার জন্য করা। কোনো লৌকিকতা ও খ্যাতি অন্বেষণে নয়। সুতরাং সে এ জন্য আমল করবে না যে, মানুষ তা দেখবে, তারা তার আমল সম্পর্কে আলোচনা করবে, তার প্রশংসা করবে ও তার গুনগান করবে।

ب- فَعَلَى الْمُسْلِمِ أَنْ يُخْلِصَ النِّيَّةَ فِي كُلِّ عَمَلٍ يَقُوْمُ بِهِ حَتّى يَتَقَبَّلَهُ اللهُ مِنْهُ؛ لِأَنَّ الْأَعْمَالَ لاَ تُقَبَلُ إِلَّا بِشَرْطَيْنِ: اَلْإِخْلَاصُ وَالْمُتَابَعَةُ لِلرَّسُوْلِ ﷺ. قَالَ اللهُ ﷻ: وَمَا أُمِرُوْا إِلَّا لِيَعْبُدُوا اللهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْن حُنَفَاء وَيُقِيْمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ وَذَلِكَ دِيْنُ الْقَيِّمَةِ.

**অনুবাদঃ**

অতএব মুসলমানের উচিত তার সম্পন্ন করা প্রত্যেক কাজে নিয়তকে একনিষ্ঠ করা; যেন আল্লাহ তার পক্ষ থেকে তা কবুল করেন। কেননা আমলসমূহ দুটি শর্ত ব্যতীত কবুল করা হয় না। (১) একনিষ্ঠতা এবং (২) রাসূল (সা.) এর অনুসরণ। মহান আল্লাহ বলেন, 'তাদেরকে আদেশ করা হয়েছে যে, তারা নিজেদের দ্বীনকে একমাত্র আল্লহর জন্য নির্ধারিত করে একনিষ্ঠভাবে তাঁর ইবাদত করবে, নামায কায়েম করবে ও যাকাত দেবে। এটাই যথার্থ সুদৃঢ় দ্বীন।'

AT TADREES
ONLINE MADRASAH

## ৪. বিষয়: আরবি দ্বিতীয় পত্র, পূর্ণমান- ১০০
## বিষয় কোড: ১০৪

নির্ধারিত পাঠ্যপুস্তক: কাওয়াইদুল লুগাতিল আরাবিয়্যাহ

**অর্ধবার্ষিক (প্রথম সেমিস্টার) পরীক্ষা**

আত-তাহসীন ফী শারহি কাওয়াইদুল লুগাতিল আরাবিয়্যাহ বইয়ের-

| | |
|---|---|
| ইলমুস সরফ | : শুরু থেকে الدرس الثاني পর্যন্ত। |
| ইলমুন নাহু | : শুরু থেকে الدرس السادس পর্যন্ত। |
| তরজমা | : النموذج الأول থেকে النموذج الثامن পর্যন্ত। |
| দরখাস্ত | : ১ থেকে ৬নং পর্যন্ত। |
| পত্র | : ১ থেকে ৬নং পর্যন্ত। |
| রচনা | : ১ থেকে ৪নং এবং ১৩ থেকে ১৮নং পর্যন্ত। |

**বার্ষিক (দ্বিতীয় সেমিস্টার) পরীক্ষা**

আত-তাহসীন ফী শারহি কাওয়াইদুল লুগাতিল আরাবিয়্যাহ বইয়ের-

| | |
|---|---|
| ইলমুস সরফ | : الدرس الثالث ও الدرس الرابع |
| ইলমুন নাহু | : الدرس السابع থেকে الدرس الثالث عشر পর্যন্ত। |
| তরজমা | : النموذج التاسع থেকে النموذج الثاني عشر পর্যন্ত। |
| দরখাস্ত | : ৭ থেকে ১২নং পর্যন্ত। |
| পত্র | : ৭ থেকে ১৩নং পর্যন্ত। |
| রচনা | : ৫ থেকে ৮নং এবং ১৯ থেকে ২৫নং পর্যন্ত। |

### প্রশ্নের ধারা ও মানবণ্টন

**ক. القواعد واختبار القواعد : মান- ৫৫**

| | | |
|---|---|---|
| ১. সরফ থেকে সংক্ষিপ্ত প্রশ্ন | : ৪টি হতে ২টি- | ৫ × ২ = ১০ |
| ২. নাহু থেকে সংক্ষিপ্ত প্রশ্ন | : ৬টি হতে ৪টি- | ৫ × ৪ = ২০ |
| ৩. কাওয়াইদ যাচাই | : ৮টি হতে ৫টি; নিম্নোক্ত বিষয়সমূহ থেকে প্রশ্ন থাকবে- | ৫ × ৫ = ২৫ |

استخراج الاصطلاحات الصرفية والنحوية وتعيينها، إملاء الفراغ بالقرائن المتعلقة بالقواعد، محل الإعراب، تركيب الجملة، تغيير الجملة حسب القواعد، تصحيح، تشكيل تعيين العامل والمعمول وغير ذلك.

**খ. الترجمة والإنشاء : মান- ৪৫**

| | | |
|---|---|---|
| ৪. আরবি থেকে বাংলায় অনুবাদ | : ৭টি হতে ৫টি- | ২ × ৫ = ১০ |
| ৫. বাংলা থেকে আরবিতে অনুবাদ | : ৭টি হতে ৫টি- | ২ × ৫ = ১০ |
| ৬. দরখাস্ত অথবা পত্র লিখন | : ২টি হতে ১টি- | ১০ × ১ = ১০ |
| ৭. প্রবন্ধ লিখন | : ৩টি হতে ১টি- | ১৫ × ১ = ১৫ |

**উত্তরসহ নমুনা প্রশ্ন:**

## الف – اختبار القواعد : ٥٥

١) أجب عن الأسئلة التالية باللغة العربية من قسم الصرف (اثنين فقط) ٢ ×٥ = ١٠

**أ- عَرِّفْ عِلْمَ الصَّرْفِ لُغَةً واصْطِلَاحًا ثُمَّ بَيِّنْ مَوْضوعَه وغرضَه.**

**المقدمة:** مِنَ الْمَعْلُوم لَدَيْنا أَنَّ عِلْمَ الصَّرْفِ هُوَ مَصْدَرٌ أولٌ لتعلّم اللغة الْعَرَبِيَّة، وَلَهُ مُسَاهَمَةٌ كَبِيرَةٌ فِي ارْتِقَاءِ اللُّغَةِ الْعَرَبِيَّةِ وَجَعْلِهَا لُغَةً بَلِيغَةً. نَذْكُرُ فِي التالي حسب السؤال.

**تعريف علم الصرف:**

أ- الْمَعْنَى لغةً: الْعِلْمُ مُفْرَدٌ؛ جَمْعُهُ عُلُومٌ، وَهُوَ مَصْدَرٌ مِنْ بَابِ سمِعَ يَسْمَعُ، مَعْنَاهُ :

١- المعرفة، ٢- الفهم، ٣- التَّعَقُّلُ، ٤- الإِدْرَاكُ.

والصرْفُ مَعْنَاهُ : التَّحْوِيلُ والتغييرُ وَالتَّبْدِيلُ وَغَيْرُ ذلِكَ. كَمَا جَاءَ فِي الْقُرْآنِ الْكَرِيمِ :

﴿صَرَفَ اللهُ قُلُوبَهُمْ بِأَنَّهُمْ قَوْمٌ لَّا يَفْقَهُونَ﴾

ب- التَّعْرِيفُ إصْطِلاحا : هُنَاكَ عِبَارَةٌ كَثِيرَةٌ عَلَى تَعْرِيفِ عِلم الصرف، بَعْضُ مِنْهَا:

١- ذُكِرَ فِي مَوَاعِدِ اللُّغَةِ الْعَرَبِيَّة : هُوَ الْقَوَاعِدُ الَّتِي يُعْرَفُ بِهَا التغييرُ الَّذِي يَطْرَأُ عَلَى أَبْنِيَةِ الْكَلِمَةِ.

٢- قال صَاحِبُ مَبَادِئ الْعربية : هُوَ عِلْمٌ يُبْحَثُ عَنْ تَحْوِيلِ الْكَلِمَةِ إِلَى صُورٍ مُخْتَلِفَةٍ بِحَسَبِ الْمَعْنَى الْمَقْصُوْدِ.

**مَوْضُوعُ عِلْمِ الصَّرْف**: عِنْدَ الصَّرْفِيِّينَ، إِنْ مَوْضُوعَ عِلْمِ الصَّرْفِ هُوَ الْكَلِمَاتُ الْعَرَبِيَّةُ الْمُتَصَرِّفَةُ، فَإِنَّهُ يُبْحَثُ فِيهِ عَنِ الْأَلْفَاظِ وَتَصَرُّفَاتِهَا.

**غَرَضُ عِلْمِ الصّرْفِ**: عِنْدَ الصَّرْفِيِّينَ، إِنَّ عَرَضَ عِلْمِ الصّرْفِ هُوَ صَوْنُ اللِّسَانِ عَنِ الْخَطَأِ فِي الْمُفْرَدَاتِ وَمُرَاعَاةُ قَانُونِ اللُّغَةِ فِي الْكِتَابَةِ.

**الْاخْتِتَامُ**: تُعْرَفُ بِعِلْمِ الصَّرْفِ أَنْوَاعُ الْأَلْفاظِ مِنَ اللُّغَةِ الْعَرَبِيَّةِ وَكَيْفِيَّةُ تصْرِيفِهَا. فَلِذا عِلْمُ الصرف قِسْمٌ مُهِمٌّ لِلْقَوَاعِدِ الْعَرَبِيَّةِ، فَعَلَيْنَا أَنْ نَهْتَمَّ بِهِ جَيِّدًا.

**٢) أجب عن الأسئلة التالية باللغة العربية من قسم النحو (أربعة فقط)** **٥ × ٤ = ٢٠**

## أ- عَرِّفِ الْكَلِمَةَ وَعَدِّدْ أَقْسَامَهَا بِالأمثلة.

الجواب: المقدّمة: إن الكلمة موضوعٌ مُهِمٌّ في القواعد العربية، وبها يتركّب الكلامُ. وللكلمة أقسَامٌ. فتعريفها وأقسامها مذكورةٌ في التالي.

**تعريف الكلمة:**

**أ- مَعْنَى الْكَلِمَةِ لُغَةً**: مِنَ الْمَعْلُوْمِ لَدى أَهْلِ اللُّغَةِ أَنَّ مَعْنَى الْكَلِمَةِ فِيْ اللُّغَةِ- اللَّفْظُ وَالْقَوْلُ وَالْبَيَانُ.

**ب- مَعْنَى الْكَلِمَةِ اِصْطِلَاحًا**: الْكَلِمَةُ هِيَ لَفْظٌ وُضِعَ لِمَعْنًى مُفْرَدٍ. نَحْوُ: اَلْبَقَرَةُ، اَلطَّيْرُ، نَصَرَ ، مِنْ.

**أَقْسَامُ الْكَلِمَةِ:**

تَنْقَسِمُ الكَلِمَةُ إِلٰى ثَلاثَةِ أقْسَامٍ، وَهِيَ-

١. الْاسْمُ ٢. الْفِعْلُ ٣. الْحَرْفُ.

**١. اَلْاِسْمُ**: اَلْاِسْمُ هُوَ كَلِمَةٌ تَدُلُّ عَلٰى مَعْنًى فِي نَفْسِهَا غَيْرَ مُقْتَرِنٍ بِأَحَدِ الأَزْمِنَةِ الثَّلاثَةِ، أَعْنِيْ الماضِيَ وَالحَالَ وَالْاِسْتِقبَالَ. نَحْوُ : رَجُلٌ عالِمٌ .

**٢. اَلْفِعْلُ** : اَلْفَعْلُ هُوَ كَلِمَةٌ تَدُلُّ عَلَى مَعْنًى فِي نَفْسِهَا مُقْتَرِنًا بِأَحَدِ الأَزْمِنَةِ الثَّلَاثَةِ .

نَحْوُ : نَصَرَ ، يَنْصُرُ ، اُنْصُرْ

**٣. اَلْحَرْفُ**: اَلْحَرْفُ هُوَ كَلِمَةٌ لَا تَدُلُّ عَلٰى مَعْنًى فِي نَفْسِهَا، بَلْ فِيْ غَيْرِهَا. نَحْوُ: مِنْ و إلٰى.

الخاتمة: إن الكلمة أَهَمُّ الموضوعاتِ في القواعد العربية. فعلى الطلاب أن يهتموا بها.

## ٣) اختبار القواعد (خمسة فقط) ٥ × ٥ = ٢٥

**أ- عَيِّنْ نَوْعَ الفِعْلِ مِنْ حَيْثُ الصِّحَّةِ وَالْعِلَّةِ مِنَ الْأَفْعَالِ الْآتِيَةِ :**

قام، قال، سفرجلَ، زَلْزَلَ، انْقَسَمَ، يَسْعٰى، تَصُوْمُ، يَقْضِيْ، اسْتَخْرَجَ، اِنْفَتَحَ، اِقْشَعَرَّ، تَلَطَّفَ.

**ب- املأ الفراغات بفعل متعل مناسب :**

| | | | | |
|---|---|---|---|---|
| اشترى | قمت | عاد | صام | رمى |

١........ سليم إلى البيت مسرورا. ٢- ....... اللاعب الكرة بقوة. ٣- ........ والدي لنا اللحم.

٤- ....... إكراما للاستاذ. ٥- ....... أحمد يوم الجمعة.

**الجواب:** ١. عاد، ٢. رمى، ٣.اشترى، ٤. قمت، ٥. صام،

## ج- إعراب الجملة

| |
|---|
| ١- " ويُؤتُون الزكاةَ وهُم راكعون". |
| ٢- رأيتُ الأصدقاء مستبشرين. |
| ٣- "إنّ الدينَ عند الله الإسلامُ". |
| ٤- ليتَ المسلمين يفهمون الإسلامَ حقًّا. |
| ٥- الله خالقٌ. |

## د- تركيب الجملة

| |
|---|
| ١- اللّهُ واحدٌ. |
| ٢- القرأن كتابُ الله. |
| ٣- أركان الإسلام خمسة. |

## هـ- تَغْيِيْرُ الْجُمْلَةِ حَسَبَ الْقَوَاعِدِ.

**١- غيّر الجملة الإسمية إلى الجملة الفعلية مع تغيير ما يلزم:**

١- زيدٌ حاضرٌ. ٢- الطلابُ ذهَبوا إلى المدرسة. ٣- الله ينصر المسلمين.

٤ -الصديقان يقرءانِ قصةً. ٥- الشمس طلعتْ.

AT TADREES ONLINE MADRASAH

### و- تصحيح الجملة

| الجمل الخاطئة | الجمل الصحيحة |
|---|---|
| إن اللهَ غفورًا رحيمٌ | إن اللهَ غفورٌ رحيمٌ |
| إنَّ اللهَ خالِقًا. | إنَّ اللهَ خالِقٌ. |
| إنما هندٌ قائمٌ. | إنما هندٌ قائمَةٌ. |

### ز- تَشْكِيْلُ الْعِبَارَةِ

القرآن هو كتاب الله المنزل من اللوح المحفوظ إلى سماء الدنيا دفعة واحدة. ثم إلى رسول الله صلى الله عليه وسلم نجما نجما في حياته النبوية الشريفة بواسطة جبرائيل عليه السلام على قدر حوائج البشر.

### ح- تكيون الجملة

| | |
|---|---|
| ١- أُمٌّ: أوجبَ اللهُ علينا أن نحترمَ الأمَّ. | ٢- أخٌ: المسلم أخو المسلمِ. |
| ٣- **الإسلام**: الإسلام دينُ السلامةِ. | ٤- **الله**: الله خالقنا. |
| ٥- أسبُوعٌ: في الأسبوعِ سبعة أيامٍ. | |

## ب- الترجمة والإنشاء- ٤٥

### ٤- الترجمة من العربية إلى البنغالية (خمسة فقط) ٢ × ٥ = ١٠

| | |
|---|---|
| الإسلام دينٌ كاملٌ. | ইসলাম পরিপূর্ণ একটি জীবনব্যবস্থা। |
| ارْحَم مَنْ في الأرضِ يرْحمْكَ مَنْ في السماء. | পৃথিবীবাসীর প্রতি দয়া কর, আকশবাসী তোমাকে দয়া করবেন। |
| أساتذة المدرسة ماهرون. | মাদরাসার শিক্ষকগণ অভিজ্ঞ। |
| إن الله على كل شيءٍ قديرٌ. | নিশ্চয় আল্লাহ সর্বশক্তিমান। |
| إن الله سميعٌ بصيرٌ. | নিশ্চয় আল্লাহ শোনেন, দেখেন। |

## ٥- الترجمة من البنغالية إلى العربية (خمسة فقط) ٢ × ٥ = ١٠

| | |
|---|---|
| অপচয়কারী শয়তানের ভাই। | إن المبذرين كانوا إخوان الشياطين. |
| আল্লাহ কুরআন অবতীর্ণ করেছেন। | أنزل اللهُ القرأٰنَ. |
| আকাশে নতুন চাঁদ উদিত হয়েছে। | طلع الهلالُ في السماء. |
| আমি সূর্যকে উদিত অবস্থায় দেখেছি। | رأيتُ الشمسَ طالعةً. |
| আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ। | طِفْلُ اليوم مستقبل الغد. |

## ٦- أُكْتُبْ عَرِيْضَةً بِالْعَرَبِيَّةِ إلى مُدِيْرِ المَدْرَسَةِ تَطْلُبُ مِنه شَهَادَةَ التَّزْكِيَةِ. ١٠

التاريخ:..................

إلى

مُدِيْرِ الْمَدْرَسَةِ

المدرسة العالية الحكومية، داكا.

الْمَوْضُوعُ: طَلَبُ شَهَادَةِ التَّزْكِيَةِ.

سَيِّدِي الْمُحْتَرَمُ!

السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ

بَعْدَ أَدَاءِ وَاجِبِ الْإِحْتِرَامِ أَفِيْدُكُمْ عِلْمًا بأنّي كُنْتُ طَالِبًا في الصف التَّاسِعِ مِنْ مَدْرَسَتِكُمْ فِي السَّنَةِ الْمَاضِيَةِ وَفُزْتُ فِي الْامْتِحَانِ السَّنَوِيّ بِالْامْتِيَاز. الْأٰنَ أُرِيدُ أَنْ أَلْتَحِقَ بِمَدْرَسَةِ دَارِ النَّجَاةِ الصِّدِّيْقِيَّةِ لِلْكَامِلِ. لِهٰذَا أَطْلُبُ شَهَادَةَ التَّزْكِيَةِ مِنْ جَانِبِكُمْ.

فَالرَّجَاءُ مِنْ حَضرَتِكُمُ الْعَالِيَةِ أَنْ تَتَكَرَّمُوْا عَلَيَّ بِقَبُوْلِ طَلَبِنَا هٰذا. وَلَكُمْ جَزِيلُ الشُّكْرِ وَفَائِقُ

AT TADREES ONLINE MADRASAH

## ٧- اكتب بالعربية مقالةً من الموضوعات التالية (واحدة فقط) ١٥

### ١- الإسْلامُ دِيْنٌ كَامِلٌ لِلْحَيَاةِ.

**الْمُقَدِّمَةُ:** اَلْحَمْدُ للهِ رَبِّ الْعَالَمِيْنَ وَالصَّلَاةُ وَالسَّلَامُ عَلَى النَّبِيِّ سَيِّدِ الْمُرْسَلِيْنَ وَعَلٰى أٰلِهِ وَأَصْحَابِهِ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلٰى يَوْمِ الدِّيْنِ، أَمَّا بَعْدُ. فَسَأَكْتُبُ فِي التَّالِيَةِ الْإِنْشَاءَ الْعَرَبِيَّ حَوْلَ "الإسلام دِيْنٌ كَامِلٌ لِلْحَيَاةِ ".إِنْ شَاءَ اللهُ الحَنَّانُ مُتَوَفِّقًا عَلَى اللهِ الرَّحْمٰنِ.

**معنى الإسلام:** الْإِسْلَامُ مَصْدَرٌ مِنْ بَابِ الْإِفْعَالِ مُشْتَقٌّ مِنْ سَلْم. مَعْنَاهُ فِي اللُّغَةِ: الاِسْتِسْلَامُ وَالْاِنْقِيَادُ الظَّاهِرِيُّ وَالْخُضُوعُ، قَالَ تَعَالٰى: ﴿وَلَه أَسْلَمَ مَنْ فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ طَوْعًا وَكَرْهًا﴾

**وَفِي الْاِصْطِلَاحِ:** الْإِسْلَامُ هُوَ الدِّينُ الْمُسْتَقِيْمُ الذي أرْسَلَ اللهُ به رُسُلَه مِنْ سَيِّدِنَا أٰدمَ حتّٰى سَيِّدِنَا مُحمدٍ ﷺ.

**الإسلامُ دِيْنٌ مَقْبُولٌ عِند اللهِ:** الإسلامُ هُو الدينُ والوحيدُ المقبُولُ عند اللهِ تَعَالى، وَمَا عَدَاه فَلَا يُقْبَلُ. كَمَا قال اللهُ تعالى: ﴿وَمَنْ يَبْتَغِ غَيْرَ الإسلامِ دِيْنًا فَلَنْ يُقْبَلَ مِنْه وَهُوَ فِي الْأٰخِرَةِ مِنَ الخَاسِرِيْنَ﴾.

**حَقِيقَةُ الْإِسْلَامِ:** لَا شَكَّ أَنَّ الإسلامَ يَحْتَوِيْ عَلٰى مَجْمُوْعَةٍ مِنَ الْأُمُورِ الْأَرْبَع، وَهِيَ:

١- العقيدة ٢- العِبَادَةُ ٣- الشريعة ٤- نِظَامُ الْأَخْلَاقِ

**الإسلامُ دِينُ العَدْلِ وَالكَمَالِ:** الْإِسْلَامُ دِينُ الْعَدْلِ وَدِينُ الْأَمْنِ وَالسَّلَامِ فَقَدْ أَقَامَ العَدْلَ والأمنَ والسَّلَامَ فِي الْمُجْتَمَعِ مُدَّةً مِنَ الزَّمَانِ حُوْكِمَ فِيْهَا البَشَرِيَّةُ بِشَرِيْعَتِه. فَقَالَ تَعَالٰى: ﴿اَلْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُم الْإِسْلَامَ دِينًا.﴾

**وَاجِبُنَا نَحوَ الْإِسْلَامِ:** عَلَيْنَا أَنْ نُقِيمَ الدِّينَ الْإِسْلَامَ فِي حَيَاتِنَا وَمُجْتَمَعِنَا وَنَحْفَظَهٗ مِنَ الْأَعْدَاءِ الدَّاخِلِيَّةِ وَالْخَارِجِيَّةِ. وَنَعْمَلَ بِهِ كُلُّنَا قَوْلًا وَعَمَلًا وَاعْتِقَادًا.

**الْخَاتِمَةُ :** الْإِسْلَامُ هُوَ دِينٌ مُكَمَّلٌ وَمُخْتَارٌ عِنْدَ اللهِ. فَعَلَيْنَا أَنْ نَعْمَلَ بِهِ وَنَتَّبِعَ أَوَامِرَهُ وَنَجْتَنِبَ نَوَاهِيْهِ كَمَا حَقُّه.

# ৫. বিষয়: আল আকাইদ ওয়াল ফিকহ, পূর্ণমান- ১০০
# বিষয় কোড: ১৩৩

নির্ধারিত পাঠ্যপুস্তক: আল আকায়েদ ওয়াল ফিকহ

**অর্ধবার্ষিক (প্রথম সেমিস্টার) পরীক্ষা**

| | |
|---|---|
| ক. আল আকাইদ | : প্রথম অধ্যায়। |
| খ. আল ফিকহ | : প্রথম অধ্যায় এবং দ্বিতীয় অধ্যায়ের প্রথম পরিচ্ছেদ। |
| গ. আল আখলাক | : প্রথম ও দ্বিতীয় পরিচ্ছেদ। |
| ঘ. উসূলুল ফিকহ | : প্রথম পরিচ্ছেদ এবং দ্বিতীয় পরিচ্ছেদ-এর প্রথম পাঠ থেকে তৃতীয় পাঠ। |
| ▣ নৈর্ব্যক্তিক | : সিলেবাসের অন্তর্ভুক্ত বিষয়গুলো। |

**বার্ষিক (দ্বিতীয় সেমিস্টার) পরীক্ষা**

| | |
|---|---|
| ক. আল আকাইদ | : দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়। |
| খ. আল ফিকহ | : প্রথম অধ্যায় এবং দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় ও তৃতীয় পরিচ্ছেদ। |
| গ. আল আখলাক | : দ্বিতীয় ও তৃতীয় পরিচ্ছেদ। |
| ঘ. উসূলুল ফিকহ | : প্রথম পরিচ্ছেদ এবং দ্বিতীয় পরিচ্ছেদ-এর চতুর্থ পাঠ থেকে ষষ্ঠ পাঠ পর্যন্ত। |
| ▣ নৈর্ব্যক্তিক | : সিলেবাসের অন্তর্ভুক্ত বিষয়গুলো। |

AT TADREES
ONLINE MADRASAH

# প্রশ্নের ধারা ও মানবণ্টন

**ক-বিভাগ, সঠিক উত্তর লিখন, মান- ৪০**

বহুনির্বাচনি প্রশ্ন: সঠিক উত্তরটি খাতায় লিখতে হবে।

[আকাইদ অংশ থেকে ১২টি, ফিকহ অংশ থেকে ১২টি, আখলাক অংশ থেকে ৮টি এবং উসুলুল ফিকহ অংশ থেকে ০৮টিসহ মোট ৪০টি প্রশ্ন থাকবে; ৪০টির উত্তর লিখতে হবে]

**উদাহরণ:**

ইসলামের ভিত্তি কয়টি?

ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি

উত্তরটি খাতায় লিখতে হবে। যেমন: ৫টি

**খ-বিভাগ, রচনামূলক প্রশ্ন, মান- ৬০**

আকাইদ অংশের ২টি থেকে ১টি, ফিকহ অংশের ৩টি থেকে ২টি, আখলাক অংশের ২টি থেকে ১টি, উসুলে ফিকহ অংশের ২টি থেকে ১টি এবং ইলমে ফিকহ ও উসুলে ফিকহের ইতিহাস অংশের ২টি থেকে ১টি করে মোট ১১টি প্রশ্ন থাকবে ৬টির উত্তর লিখতে হবে। প্রতি প্রশ্নের মান-১০

### ক. আকাইদ অংশ

عقائد এর সংজ্ঞা দাও। আকাইদশাস্ত্রের ক্রমবিকাশ এবং এর ইতিহাস বর্ণনা কর।

### খ. ফিক্হ অংশ

১. طهارة শব্দের অর্থ কী? نَواقض الوضوء কয়টি ও কী কী?

২. কোন পানি দ্বারা طهارة হাসিল জায়েয এবং কোন পানি দ্বারা জায়েয নয়?

### গ. উসূলুল ফিক্হ অংশ

عام কাকে বলে? উহা কত প্রকার ও কী কী? প্রত্যেক প্রকারের উদাহরণসহ বর্ণনা কর।

### ঘ. আখলাক অংশ

প্রিয় নবী হযরত মুহাম্মদ (স.)-এর আখলাক বা অনুপম চারিত্রিক গুণাবলি বর্ণনা কর।

### ঙ- ইলমুল ফিক্হ ও উসূলুল ফিক্হের ইতিহাস অংশ

কুদুরী গ্রন্থপ্রণেতার জীবনী আলোচনা কর।

# ৬. বিষয়: ইসলামের ইতিহাস, পূর্ণমান- ১০০
# বিষয় কোড: ১০৯

নির্ধারিত পাঠ্যপুস্তক: ইসলামের ইতিহাস

**অর্ধবার্ষিক (প্রথম সেমিস্টার) পরীক্ষা**

- প্রথম অধ্যায়।

**বার্ষিক (দ্বিতীয় সেমিস্টার) পরীক্ষা**

- দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়।

## প্রশ্নের ধারা ও মানবণ্টন

*** বহুনির্বাচনি প্রশ্ন: মান- ৩০**

৩০টি প্রশ্ন থাকবে; ৩০টিরই উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান-১।

**উদাহরণ:**

মিরাজ শব্দের অর্থ কী?

ক. চাঁদে গমন খ. উর্ধ্বাকাশে গমন গ. উপরে উঠা ঘ. আরশে গমন

উত্তর: খ. উর্ধ্বাকাশে গমন (বৃত্ত ভরাট করতে হবে)

*** সৃজনশীল প্রশ্ন: মান-৫০**

৮টি প্রশ্ন থাকবে; ৫টির উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান- ১০।

**উত্তরসহ নমুনা প্রশ্ন:**

প্রশ্ন: ১। হাবীল মিয়া দীর্ঘ বিশ বছর ধরে জব্বর আলীর বাড়িতে কাজ করে। বাড়ির কেউ তাকে কখনো বকাঝকা দেয় না। সে স্বাধীনভাবে কাজ করে যায়। কিছুদিন পূর্বে হাবীল মিয়ার বিয়ে উপলক্ষে জব্বর আলী এবং তার পরিবার প্রচুর টাকা ব্যয় করে। এতে সে খুব খুশি। অপরদিকে জব্বর আলীর বড় ভাই মহব্বত আলী প্রচুর অর্থ-সম্পদের মালিক। গ্রামের খেটে খাওয়া লোকদেরকে তিনি অভাব অনটনের সময় টাকা ধার দিতেন। ফেরত নেয়ার সময় চাপ সৃষ্টি করে ভয় দেখিয়ে অসহায় লোকদের থেকে দ্বিগুণ পরিমাণ টাকা গ্রহণ করতেন।

ক) মদ, জুয়া ও নারী- এ তিনটি ছিল আরবদের নিত্য ব্যবহার্য বস্তু- উক্তিটি কার?

খ) জাহেলি যুগে খ্রিস্টান সম্প্রদায়ের ধর্মবিশ্বাস কেমন ছিল? ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকের হাবীল মিয়ার প্রতি জব্বর আলী ও তার পরিবারের ভালো আচরণে জাহেলি যুগের কোন বিষয়টির বিপরীত চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।

ঘ) মহব্বত আলীর কার্যক্রমে জাহেলি যুগের যে চিত্র ফুটে উঠেছে তা চিহ্নিতপূর্বক ফলাফল বিশ্লেষণ কর।

১নং প্রশ্নের উত্তর

ক. 'মদ, জুয়া ও নারী এ তিনটি আরবদের নিত্য ব্যবহার্য বস্তু- উক্তিটি করেন ঐতিহাসিক খোদা বখশ।

খ. জাহেলি যুগে খ্রিষ্টান সম্প্রদায় একত্ববাদের পরিবর্তে ত্রিত্ববাজ বিশ্বাসী ছিল।

* হযরত ঈসা (আ.) ছিলেন আল্লাহর রাসূল। তিনি তাঁর উম্মতকে এক আল্লাহর দিকে আহ্বান জানিয়েছিলেন, কিন্তু আল্লাহ তাআলা ঈসা (আ.)-কে উঠিয়ে নেয়ার পর তাঁর উম্মত অজ্ঞতাবশত একত্ববাদের পরিবর্তে ত্রিত্ববাদে বিশ্বাসী হয়ে পড়ে। তারা হযরত মরিয়ম (আ.)-কে আল্লাহর স্ত্রী, ঈসা (আ.)-কে আল্লাহর পুত্র এবং আল্লাহসহ তিন স্রষ্টায় বিশ্বাস করতো (নাউযু বিল্লাহি মিন যালিক)।

গ. উদ্দীপকের হাবীল মিয়ার প্রতি জব্বর আলী ও তার পরিবারের ভালো আচরণে জাহেলি যুগের সামাজিক অবস্থার বিপরীয় চিত্রফুটে উঠেছে।

* ইসলাম-পূর্ব আরবে দাসদাসীদের প্রচলন ছিল। দাসদাসীরা হাট বাজারে অন্যান্য পণ্যের ন্যায় বেচাকেনা হতো তাদের কোনো ব্যক্তিস্বাধীনতা ছিল না। দাসদাসীদের যন্ত্রের মতো কাজ করতে হতো। তাদের আশা-আকাঙ্ক্ষা, সুখ-দুঃখ প্রকাশ করার সুযোগ ছিল না। তাদের জীবন ছিল শুধু দুঃখে ভরা।

* উদ্দীপকের হাবীল মিয়া দীর্ঘ বিশ বছর ধরে জব্বর আলীর বাড়িতে কাজ করে। বাড়ির কেউ তাকে কখনো বকাঝকা দেয় না। সে স্বাধীনভাবে কাজ করে যায়। কিছুদিন পূর্বে হাবীল মিয়ার বিয়ে উপলক্ষে জব্বর আলী এবং তার পরিবার প্রচুর টাকা ব্যয় করে। এতে সে খুব খুশি হয়, যা আরবের জাহেলি যুগের সামাজিক অবস্থার সম্পূর্ণ বিপরীত চিত্র। কেননা আরবের দাসদাসীদের উপর মনিবরা প্রায়ই অমানবিক ও নির্মম নির্যাতন চালাত। এ প্রসঙ্গে সৈয়দ আমীর আলী বলেন, "ভৃত্যই হোক আর ভূমিদাসই হোক তাদের ভাগ্যে ক্ষীণ আশা বা এক কণার সূর্যরশ্মিও কবরের এদিকে জুটত না।" সুতরাং বলা যায়, উদ্দীপকের হাবীল মিয়ার প্রতি জব্বর আলী ও তার পরিবারের ভালো আচরণ জাহেলি যুগের সামাজিক অবস্থার বিপরীত চিত্র ফুটে উঠেছে।

ঘ. মহব্বত আলীর কার্যক্রমে জাহেলি যুগের যে চিত্র ফুটে উঠেছে তা হচ্ছে সুদ প্রথা।

* প্রাক ইসলাম যুগে আরবে ইহুদিরা সুদের ব্যবসায় করতো। তারা দরিদ্র আরবদের থেকে এত উচ্চহারে সুদ আদায় করতো, অনেক সময় ঋণগ্রহীতা উচ্চহারে সুদ পরিশোধে ব্যর্থ হতো। তারা কখনো কখনো শতকরা একশ, দেড়শ বা দুশো ভাগ পর্যন্ত সুদ নিত। সুদী কারবারের নিয়মাবলি এতই জঘন্যতম ও নিষ্ঠুর ছিল, ঋণগ্রহীতা অনেক সময় সর্বস্বান্ত হয়ে যেত। চক্রবৃদ্ধি হারে সুদের প্রচলন থাকায় গ্রহীতার পক্ষে কোনোভাবেই ঋণ পরিশোধ করা সম্ভব হতো না। মহাজন সুদের টাকার বিনিময় স্বরূপ ঋণগ্রহীতার ঘরবাড়ি, স্ত্রী, সন্তান, বিত্ত-সম্পত্তি দখল করে নিতো।

* উদ্দীপকে জব্বর আলীর বড় ভাই মহব্বত আলী প্রচুর অর্থ-সম্পদের মালিক। গ্রামের খেটে খাওয়া লোফদেরকে তিনি অভাব অনটনের সময় টাকা ধার দিতেন। ফেরত নেয়ার সময় চাপ সৃষ্টি করে এবং ভয় দেখিয়ে অসহায় লোকদের থেকে দ্বিগুণ পরিমাণ টাকা গ্রহণ করতেন, যা জাহেলি যুগে কুসীদজীবী ইহুদীদের উচ্চহারে সুদের ব্যবসার সাথে মিল পাওয়া যায়।
* অতএব বলা যায়, মহব্বত আলীর কার্যক্রমে জাহেলি যুগের সুদ প্রথার চিত্র ফুটে উঠেছে, যার ফলে সমাজে আর্থিক অভাব অনটন, বেকারত্বসহ নানারূপ অর্থনৈতিক বিপর্যয় ঘটে।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন: মান-২০**

১৫টি প্রশ্ন থাকবে, ১০টির উত্তর দিতে হবে। ১০ × ২ = ২০

**উদাহরণ:**

**১) জাহেলি যুগে খ্রিস্টান সম্প্রদায়ের ধর্মবিশ্বাস কেমন ছিল? ব্যাখ্যা কর।**

উত্তর:

জাহেলি যুগে খ্রিষ্টান সম্প্রদায় একত্ববাদের পরিবর্তে ত্রিত্ববাজ বিশ্বাসী ছিল। হযরত ঈসা (আ.) ছিলেন আল্লাহর রাসূল। তিনি তাঁর উম্মতকে এক আল্লাহর দিকে আহ্বান জানিয়েছিলেন, কিন্তু আল্লাহ তাআলা ঈসা (আ.)-কে উঠিয়ে নেয়ার পর তাঁর উম্মত অজ্ঞতাবশত একত্ববাদের পরিবর্তে ত্রিত্ববাদে বিশ্বাসী হয়ে পড়ে। তারা হযরত মরিয়ম (আ.)-কে আল্লাহর স্ত্রী, ঈসা (আ.)-কে আল্লাহর পুত্র এবং আল্লাহসহ তিন স্রষ্টায় বিশ্বাস করতো (নাউযু বিল্লাহি মিন যালিক)।

২) জাহেলী যুগে নারীর সামাজিক অবস্থান বর্ণনা কর।
৩) মরুবাসী যাযাবররা কেমন ছিল তা বর্ণনা কর।
৪) মহানবি (স) মদিনায় হিজরত করলেন কেন?
৫) সাব-আল-মুয়াল্লাকাত বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
৬) ইয়াসরিব থেকে মদিনা নামকরণের ব্যাপ্তি ব্যাখ্যা কর।
৭) কীভাবে মক্কা বিজয়ের প্রেক্ষাপট সৃষ্টি হয়েছিল?
৮) বদর যুদ্ধের প্রত্যক্ষ কারণ ব্যাখ্যা কর।
৯) মহানবি (স) ছিলেন ক্ষমার মূর্ত প্রতীক' ব্যাখ্যা কর।
১০)খালিদ বিন ওয়ালিদ (রা) ইতিহাসে বিখ্যাত কেন?